



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/গোপালগঞ্জ-১৪/ ২৪৭৩/১৬

তারিখঃ ২/০৪/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৩০.৩৫৩২.০০২.৩৭.০১৯.১৭-২২৭; তারিখঃ ০৫ মার্চ ২০১৮
২) নং-বামাশিবো/প্রশাসন/গোপালগঞ্জ-১৪/২৬৬০/৪; তারিখঃ ০৯/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার সদর উপজেলাধীন পাচুরিয়া আহম্মদিয়া দাখিল মাদরাসাটি বর্তমানে কি অবস্থায় আছে, কাম্য সংখ্যক শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী আছে কিনা এবং দীর্ঘদিন যাবত কমিটি ও স্বীকৃতিবিহীন কিভাবে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনসহ মাদ্রাসা পরিচালনা করা হচ্ছে ইত্যাদি বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, গোপালগঞ্জকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, গোপালগঞ্জ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির মেয়াদ ১৯৮২ সালে উত্তীর্ণ হয়েছে, ছাত্র-ছাত্রীর সংখ্যা কাগজে কলমে- ১৭৪ জন থাকলেও উপস্থিত ছাত্র-ছাত্রীর সংখ্যা- ৫৫ জন, শিক্ষকদের উপস্থিতি হারও কম ইত্যাদি (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনে উল্লিখিত বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবক.....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


11.04.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

স্বাক্ষরঃ সুপার, পাচুরিয়া আহম্মদিয়া দাখিল মাদরাসা, সদর, গোপালগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/গোপালগঞ্জ-১৪/

তারিখঃ /০৪/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, গোপালগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, গোপালগঞ্জ।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪